গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, কুর্মিটোলা, ঢাকা।

নথি নং-২-১৫(৪)জন প্রশাঃ/০৮/২০১৭/ তারিখ ঃ /০২/২০১৭ খ্রিঃ।

আদেশ

ডেপুটি কমিশনার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকার পত্র নথি নং-৫-কাস-৮(০২)হশাআবি/বিবিধ/(পার্ট-৫)/২০১৬/৪০৯, তারিখ-১৫/১১/২০১৭ এর আলোকে গত ১৫/১১/২০১৭ খ্রিঃ তারিখ বিমানবন্দরের দায়িত্ব পালন শেষে গেইট দিয়ে বাহির হয়ে যাওয়ার সময় আপনাকে তল্লাশী করে আপনার নিকট থেকে ১০ (দশ) কার্টন সিগারেট উদ্ধার করা হয়। আটকের পর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর-এ কর্মরত জনাব মোঃ মিজানুর রহমান, অফিস সহায়ক এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

২। এ অভিযোগের ভিত্তিতে অফিস সহায়ক জনাব মোঃ মিজানুর রহমানকে কাস্টম হাউস, ঢাকার পত্র নথি নং-২-১৫(৪)জন প্রশাঃ/০৮/২০১৭/১২৭৮, তারিখ ১৫/১১/২০১৭ এর মাধ্যমে চাকুরী হতে সাময়িক ভাবে বরখাস্ত করা হয়। অতঃপর একই নথির পত্র নং-২২, তারিখ ০২/০১/২০১৮ এর মাধ্যমে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে লিখিত জবাবে তিনি জানান যে, আমি সিরারেটগুলো বিভিন্ন সময়ে পরিত্যাক্ত অবস্থায় পাই যা একত্র করে ডেপুটি কমিশনার মহোদয়কে দেখিয়ে তাঁর মৌখিক অনুমোদন গ্রহণপূর্বক গুদামে পরিত্যাক্ত মালামাল হিসেবে জমা দেয়ার জন্য নিয়ে যাই। ডেপুটি কমিশনার এর সিপাইকে জিজ্ঞাসা করলে তিনি ভুল করে তাকে জানান যে, ডেপুটি কমিশনার বাহিরে গেছেন। ডেপুটি কমিশনার এর সাথে দেখা করার জন্য সিগারেটসহ আসার পথে তাঁকে সন্দেহ করে ধরে মিথ্যাভাবে ভুল বুঝাবুঝির কারণে জরানো হয়েছে যা সঠিক নয় মর্মে জবাবে উল্লেখ করেছেন। পরবর্তীতে গত ০৬/০২/২০১৮ খ্রিঃ তারিখ ব্যক্তিগত শুনানীতে তিনি কারণ দর্শানো নোটিশের জবাবের পুনরাবৃত্তি করেন এবং ক্ষমা প্রার্থনা করে অভিযোগ থেকে অব্যাহতি চেয়েছেন।

৩। সার্বিক বিবেচনায় জনাব মোঃ মিজানুর রহমান, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে আনীত "অসদাচরনের" অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৪(২)(বি) অনুযায়ী তাঁর ১টি বাৎসরিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার আদেশ দেয়া হলো। পাশাপাশি, তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে চাকুরীতে পুনর্বহাল করার আদেশ দেয়া হলো এবং সাময়িক বরখাস্তকালীন সময়ে প্রাপ্ত খোরাকী ভাতা সমন্বয় সাপেক্ষে অবশিষ্ট বেতন ও বিধি মোতাবেক প্রাপ্য ভাতাদি প্রদানের আদেশ দেয়া হলো।

স্বাক্ষরিত/-
প্রকাশ দেওয়ান
কমিশনার
ফোন-৮৯০১৫৭৭।

প্রাপক ঃ জনাব মোঃ মিজানুর রহমান
অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত)
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর
কাস্টম হাউস, ঢাকা।

নথি নং-২-১৫(৪)জন প্রশাঃ/০৮/২০১৭/ ২৫৩(৮) তারিখ- ১৪/০২/২০১৭ খ্রিঃ।

অনুলিপি পরবর্তী কার্যক্রমের জন্য পাঠানো হলো ঃ.

১। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস, ঢাকা।
২। যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
৩। ডেপুটি/সহকারী কমিশনার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। রাজস্ব কর্মকর্তা (সদর), কাস্টম হাউস, ঢাকা।
৬। বেতন ও হিসাবরক্ষণ কর্মকর্তা, কাস্টম হাউস, ঢাকা।
৭। পি এ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। ক্যাশিয়ার, কাস্টম হাউস, ঢাকা।

১৪/২/১৮
আকতার হোসেন
ডেপুটি কমিশনার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, কুর্মিটোলা, ঢাকা।

তারিখ- /০২/২০১৮ খ্রিঃ।

নথি নং-২-১৫(৪)জন প্রশাঃ/০২/২০১৭/

আদেশ

ডেপুটি কমিশনার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকার পত্র নথি নং-৫-কাস-৮(০৩)হশাআবি/প্রব্যঃ/পার্ট-১/২০১৬/ ১১৫, তারিখ-২৬/০৪/২০১৭ এর আলোকে গত ২৫/০৪/২০১৭ খ্রিঃ তারিখ বিমানবন্দরের দায়িত্ব পালন শেষে সিআইপি গেইট দিয়ে বাহির হয়ে যাওয়ার সময় এপিবিএন সদস্যরা আপনাকে তল্লাশী করে আপনার প্যান্টের পকেট ও পায়ের মোজার ভিতর থেকে ২২ (বাইশ) প্যাকেট বিদেশি বেনসন এন্ড হ্যাজেস সিগারেট উদ্ধার করা হয়। বিদেশি বেনসন এন্ড হ্যাজেস সিগারেট আটকের পর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর- এ কর্মরত জনাব মোঃ শেখ আজম, অফিস সহায়ক এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

২। এ অভিযোগের ভিত্তিতে অফিস সহায়ক জনাব মোঃ শেখ আজমকে কাস্টম হাউস, ঢাকার পত্র নথি নং-২-১৫(৪)জন প্রশাঃ/০২/২০১৭/৪৫৭, তারিখ-২৬/০৪/২০১৭ এর মাধ্যমে চাকুরী হতে সাময়িক ভাবে বরখাস্ত করা হয়। অতঃপর একই নথির পত্র নং-১১৮০, তারিখ ২৯/১০/২০১৭ এর মাধ্যমে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। কারন দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে লিখিত জবাবে তিনি জানান যে, আমি অল্প শিক্ষিত এবং এয়ারপোর্টের ভিতর থেকে কোন জিনিষ বাহির করে আনা যায় না এ সম্পর্কে কোন আইন কানুন তাঁর জানা ছিল না এবং অজ্ঞানতার অভাবে এরুপ কাজ সংগঠিত হয়েছে। অতঃপর তিনি এ ধরণের ভুলের জন্য মহোদয়ের নিকট আন্তরিকভাবে দুঃখিত এবং ক্ষমা করে অভিযোগ হতে অব্যাহতি কামনা করেন। পরবর্তীতে গত ০৬/০২/২০১৮ খ্রিঃ তারিখ ব্যক্তিগত শুনানীতে তিনি কারণ দর্শানো নোটিশের জবাবের পুনরাবৃত্তি করেন এবং ক্ষমা প্রার্থনা করে অভিযোগ থেকে অব্যাহতি চেয়েছেন।

৩। সার্বিক বিবেচনায় জনাব শেখ আজম, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে আনীত "অসদাচরনের" অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৪(২)(বি) অনুযায়ী তাঁর ১টি বাৎসরিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার আদেশ দেয়া হলো। পাশাপাশি, তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে চাকুরীতে পুনর্বহাল করার আদেশ দেয়া হলো এবং সাময়িক বরখাস্তকালীন সময়ে প্রাপ্ত খোরাকী ভাতা সমন্বয় সাপেক্ষে অবশিষ্ট বেতন ও বিধি মোতাবেক প্রাপ্য ভাতাদি প্রদানের আদেশ দেয়া হলো।

স্বাক্ষরিত/-
প্রকাশ দেওয়ান
কমিশনার
ফোন-৮৯০১৫৭৭।

প্রাপক ঃ জনাব মোঃ শেখ আজম
অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত)
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর
কাস্টম হাউস, ঢাকা।

নথি নং-২-১৫(৪)জন প্রশাঃ/০২/২০১৭/ ২৫২(৮)

তারিখ- ১৪ /০২/২০১৮ খ্রিঃ।

অনুলিপি পরবর্তী কার্যক্রমের জন্য পাঠানো হলো ঃ.

১। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস, ঢাকা।
২। যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
৩। ডেপুটি/সহকারী কমিশনার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। রাজস্ব কর্মকর্তা (সদর), কাস্টম হাউস, ঢাকা।
৬। বেতন ও হিসাবরক্ষণ কর্মকর্তা, কাস্টম হাউস, ঢাকা।
৭। পি এ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। ক্যাশিয়ার, কাস্টম হাউস, ঢাকা।

১৪/২/১৮
আকতার হোসেন
ডেপুটি কমিশনার

D:\ET 06.08.15\Nur nobi vai\Suspend Ud.doc